3 0 JUN 1994

দৈনিক সংবাদ

তারিখ ... 3 0 JUN 1994
পৃষ্ঠা ২ কলাম ৫

০৬

জামাতের সংসদীয় দলের সভা

# বাজেটে শিক্ষাকে এনজিওদের হাতে ছেড়ে দেয়া হয়েছে

(সংসদ বার্তা পরিবেশক)

জামাত সংসদীয় দল বলেছে, বাজেটে শিক্ষাকে বিদেশী এনজিওদের হাতে ছেড়ে দিয়ে জাতীয় আদর্শ ও ঐতিহ্যকে ধ্বংসের চক্রান্ত করা হয়েছে। এতে মাদ্রাসা শিক্ষা সম্প্রসারিত না হয়ে ধ্বংস হয়ে যাবে।

গতকাল বুধবার সকালে সংসদ ভবনে জামাত সংসদীয় দলের কার্যালয়ে মতিউর রহমান নিজামীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বাজেট ও তত্ত্বাবধায়ক সরকারের রূপরেখা নিয়ে আলোচনা করা হয়।

সভায় বলা হয়, বাজেট অধিবেশনে বিরোধীদল অংশ নিতে আগ্রহী থাকলেও সরকারি দলের পক্ষ থেকে কোন উদ্যোগ নেয়া হয়নি। মন্ত্রীদের বক্তব্য দ্বারা বিরোধী দলকে সংসদে যেতে বিরত রাখা হয়েছে। জাতীয় দাবি তত্ত্বাবধায়ক সরকারের ব্যাপারে কোন কথা না থাকায় এ বাজেট উন্নয়নমূলক নয়। সভায় রূপরেখা বাস্তবায়নে আন্দোলন গড়ে তোলার কর্মসূচি নিয়েও আলোচনা হয়েছে।